'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 6th Semester Examination, 2024

## CC13-BENGALI

## সংস্কৃত, ইংরেজি ও হিন্দি সাহিত্যের ইতিহাস

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'মেঘদূত' কী ধরনের কাব্য ? এর শ্লোকসংখ্যা লেখো। এর অনুসরণে সেনযুগে বাঙালি কবি রচিত কাব্য ও কবির নাম উল্লেখ করো।

(খ) ভবভূতির নাটকগুলির কাহিনি-উৎস লেখো। কোন নাটকের অঙ্ক সংখ্যা ক'টি ?

(গ) 'Lyrical Ballads' কাব্যে ওয়ার্ডসওয়ার্থের ক'টি কবিতা ছিল ? তিনটি কবিতার নাম উল্লেখ করো।

(ঘ) প্রকাশকাল-সহ চার্লস ডিকেন্স-এর প্রথম উপন্যাসের নাম লেখো। লেখকের আত্মজীবনীমূলক উপন্যাস কোনটি ? এটি কবে প্রকাশিত হয় ?

(ঙ) ফণীশ্বরনাথ রেণুর প্রথম উপন্যাসের নাম কী ? এটি কত সালে প্রকাশিত হয় ? উপন্যাসটিকে লেখক কী ধরনের রচনা বলে অভিহিত করেছেন ?

(চ) মুন্সি প্রেমচন্দর প্রথম গল্প কবে প্রকাশিত হয় ? গল্পটির নাম কী ? তাঁর প্রথম গল্পগ্রন্থের নাম ও তার প্রকাশকাল লেখো।

২। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) সংস্কৃত নাট্যসাহিত্যের ধারায় 'মৃচ্ছকটিকম্'-এর অভিনবত্ব আলোচনা করো।

(খ) কবি কোলরিজের দু'টি কাব্য 'কুবলা খান' এবং 'রাইম অফ দি অ্যান্সিয়েন্ট মেরিনার' সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো।

(গ) 'ওড' রচনায় কবি কিটস্-এর কৃতিত্ব বুঝিয়ে দাও।

(ঘ) 'এ টেল অফ টু সিটিজ' কার লেখা ? গ্রন্থে কোন দু'টি শহরের কথা বলা হয়েছে ? রচনাটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) মুন্সি প্রেমচন্দরের কোন গল্প অবলম্বনে সত্যজিৎ রায় হিন্দি চলচ্চিত্র নির্মাণ করেছিলেন ? গল্পটি কবে প্রকাশিত হয় ? গল্পে কোন সমাজের কথা, কীভাবে উঠে এসেছে অল্প কথায় লেখো।

(চ) 'বীণা' এবং 'যুগবাণী' কাব্য দু'টি কার রচনা ? এগুলির সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরো।

৩। যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) ভাস-এর 'নাট্যচক্র' বলতে কী বোঝো ? ভাস মোট ক'টি নাটক লিখেছিলেন ? নাটকগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে সংস্কৃত নাট্যসাহিত্যে তাঁর স্থান নির্ণয় করো।

(খ) ঐতিহাসিক নাটক রচনায় শেক্সপিয়ার-এর কৃতিত্ব বুঝিয়ে দাও।

(গ) মহাকাব্য রচনার ক্ষেত্রে জন মিলটন এবং জন কিটস্-এর সাফল্য বা ব্যর্থতা আলোচনা করো।

(ঘ) ভারতেন্দু হরিশ্চন্দ্র কোন সময়ের মানুষ ছিলেন ? তাঁর বহুমুখী সাহিত্যিক প্রতিভার পরিচয় দাও।

——×——